

বাংলাদেশ দূতাবাস
এথেন্স, গ্রিস


প্রেস রিলিজ

তারিখ: ১৫ মে ২০১৬

ত্রয়োদশ খেসালোনিকি আন্তর্জাতিক বইমেলায় বাংলাদেশ

গ্রীসের দ্বিতীয় বৃহত্তম নগরী খেসালোনিকিতে অনুষ্ঠিত হচ্ছে ত্রয়োদশ খেসালোনিকি আন্তর্জাতিক বইমেলা। গত ১২ মে ২০১৬ তারিখে শুরু হয় এই আন্তর্জাতিক বই মেলা। ২০ টি দেশ ও গ্রীসের ৩০০ এর বেশি প্রতিষ্ঠান ও প্রকাশনা সংস্থা এই মেলায় অংশগ্রহণ করেছে। এই প্রথম বারের মত বাংলাদেশও এই খেসালোনিকি বই মেলায় অংশ নিয়ে বাংলাদেশের প্রকাশনা শিল্পকে তুলে ধরার প্রয়াস নিয়েছে।

এখনই বাংলাদেশ দূতাবাস বাংলাদেশের সরকারী ও বেসরকারী বিভিন্ন প্রকাশনা দিয়ে বিপুল সংখ্যক দর্শকের সামনে বাংলাদেশ স্টল তুলে ধরছে। বিভিন্ন দেশ থেকে আগত দর্শকরা বাংলাদেশের স্টল বিশেষত বাংলাদেশের আর্থ-সামাজিক অগ্রগতি এবং বাংলাদেশ সরকার গৃহিত বিভিন্ন কার্যক্রম সংক্রান্ত প্রকাশনা বিষয়ে গভীর আগ্রহ দেখাচ্ছে। বাংলাদেশী বই, গবেষণা, প্রকাশনা ইত্যাদি প্রদর্শনের পাশাপাশি এই স্টলে বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য এবং দেশের আর্থ-সামাজিক উন্নয়নসহ বিভিন্ন ক্ষেত্রে সাফল্য তুলে ধরে প্রামাণ্যচিত্রও প্রদর্শন করা হচ্ছে। খেসালোনিকি বইমেলা ১৫ মে ২০১৬ পর্যন্ত চলবে।



ছবি: ত্রয়োদশ খেসালোনিকি আন্তর্জাতিক বইমেলায় বাংলাদেশ


Sujan Debnath
Second Secretary
Embassy of Bangladesh
Athens, Greece